যুগান্তর

তারিখ 11 JUN 2016
পৃষ্ঠা ৩/১৬ কলাম ৬

# সোনারগাঁ স্কুল অ্যান্ড কলেজের নবনির্মিত ভবনে ফাটল

**স্টাফ রিপোর্টার,** *সোনারগাঁ*

নারায়ণগঞ্জ জেলার সোনারগাঁয়ের শত বছরের ঐতিহ্যবাহী শিক্ষা প্রতিষ্ঠান সোনারগাঁ জিআর মডেল স্কুল ও কলেজের নবনির্মিত ভবনে ফাটল দেখা দিয়েছে। ফলে এ ফাটলে যে কোনো সময় দুর্ঘটনার আশংকা করা হচ্ছে।

জানা গেছে, গাজী ট্রেডার্স নামের একটি ঠিকাদারি প্রতিষ্ঠান ওই ভবনটি নির্মাণ করে। নিম্নমানের মালামাল ব্যবহারের কারণে ভবনে ফাটল ধরেছে বলে মনে করছেন এলাকাবাসী। যে কোনো সময় দুর্ঘটনা ঘটতে পারে এমন আশঙ্কায় শিক্ষার্থীরা উদ্বিগ্ন সময় কাটান।

বিদ্যালয়ের অধ্যক্ষ মো. সুলতান মিয়া বলেন, নিম্নমানের মালামাল দিয়ে ভবন নির্মাণের কারণে ফাটল এবং শৌচাগারসহ বিভিন্ন স্থানে সমস্যা দেখা দিচ্ছে। গাজী ট্রেডার্স ঠিকাদারি প্রতিষ্ঠানকে বিষয়টি জানানো হয়েছে। ভবনটি নির্মাণে ১ কোটি ২৩ লাখ টাকা ব্যয় হয়েছে। গাজী ট্রেডার্সের স্বত্বাধিকারী গাজী আবদুল মালেক বলেন, ভূমিকম্পের কারণে ভবনের নিচ থেকে মাটি সরে গিয়ে ভবনের কিছু অংশে ফাটল দেখা দিয়েছে। আমরা এ ফাটলের স্থান ভেঙে ঠিক করে দেব। এ ব্যাপারে সোনারগাঁ উপজেলা নির্বাহী কর্মকর্তা আবু নাছের ভূঞা বলেন, তদন্ত সাপেক্ষে ব্যবস্থা নেয়া হবে।